

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৫০

২০. কোমলতা অধ্যায় (كتاب الرفاق)

পরিচ্ছেদঃ ৯১. জাহান্নাম থেকে ভয় প্রদর্শন সম্পর্কে

باب فِي تَحْذِيرِ النَّارِ

আরবী

أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ سِمَاكِ عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ فَقَالَ أَنْذَرْتُكُمُ النَّارَ أَنْذَرْتُكُمُ النَّارَ أَنْذَرْتُكُمُ النَّارَ فَمَا زَالَ يَقُولُهَا حَتَّى لَوْ كَانَ فِي مَقَامِي هَذَا لَسَمِعَهُ أَهْلُ السُّوقِ حَتَّى سَقَطَتْ خَمِيصَةٌ كَانَتْ عَلَيْهِ عِنْدَ رَجُلِيهِ

বাংলা

২৮৫০. নু'মান ইবনু বাশীর রাঈয়ান্নাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুৎবা দান কালে বলেছেনঃ “আমি তোমাদেরকে আগুন থেকে ভয় প্রদর্শন করছি। আমি তোমাদেরকে আগুন থেকে ভয় প্রদর্শন করছি। আমি তোমাদেরকে আগুন থেকে ভয় প্রদর্শন করছি।” এ কথাটি তিনি বলতেই থাকলেন, এমনকি তিনি যদি আমার এই অবস্থানে হতেন, তবে বাজারের লোকেরাও তাঁর কথা শুনতে পেতো এবং এমনকি তাঁর গায়ের কাপড়টি পায়ের কাছে পড়ে গেলো (সেদিকেও খেয়াল নেই)।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ হাসান।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৬৪৪, ৬৬৭ ও মাওয়ারিদুয যাম'আন নং ২৪৯০ ও মাজমাউয যাওয়াইদ ৩১৬৯ তে।

সংযোজনী: এছাড়াও, তায়ালিসী, মানিহাতুল মা'বুদ নং ৬৯৩; বাইহাকী, জুম'আহ ৩/২০৭;

হাদিসের মান: হাসান (Hasan) পুনর্নিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83135>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন